

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
সিলেট সদর, সিলেট।

<http://bbs.sylhetsadar.sylhet.gov.bd>

স্মারক নং- ৫২.০১.৯১৬২.০০০.৫৬.০০৮.২০-০০২

তারিখ- ১৫/০১/২০২০ খ্রি.


শুমারিকর্মী(তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার) নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০১১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের ইউনিয়ন ডিজিটাল প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধু সিলেট সদর উপজেলায় (সিলেট জেলাধীন) স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুবমহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রশিক্ষণ, পারিতোষিক ভাতাদি প্রাপ্য হবেন	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী /গণনাকারী	প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রশিক্ষণ, পারিতোষিক ভাতাদি প্রাপ্য হবেন	১) ন্যূনতম এইচ এস সি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপযুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- ০১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, স্ব-স্ব ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টার, সিলেট সদর, সিলেট ও উপজেলা পরিসংখ্যান কার্যালয় <http://bbs.sylhetsadar.sylhet.gov.bd> ও www.sylhetsadar.sylhet.gov.bd ওয়েব পোর্টাল থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ০২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট (৩৫০-৪০০) টি খানার তালিকা করবেন, মূলশুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট (১০০-১২০) টি খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ০৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ০৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূলশুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ০৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ০৭) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- ০৮) সকল পদের আবেদনের খামের উপর ডানপার্শ্বে পদের নাম, নিজ ইউনিয়ন ও মৌজার নাম উল্লেখপূর্বক আগামী ২৫/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ০৯) আগামী ২৮/০১/২০২০ খ্রি. তারিখ তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার পদের লিখিত পরীক্ষা হযরত শাহপরান (র.) উচ্চ বিদ্যালয়, শাহপরান, সিলেট কেন্দ্রে অনুষ্ঠিত হবে। পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত সময় www.sylhetsadar.sylhet.gov.bd ও <http://bbs.sylhetsadar.sylhet.gov.bd> ওয়েব পোর্টালে যথাসময়ে প্রকাশ করা হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো পরিবর্তন/সংশোধন (যদি থাকে) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিলেট সদর, সিলেট ও উপজেলা পরিসংখ্যান অফিস, সিলেট সদর, সিলেট ওয়েব পোর্টালে পাওয়া যাবে।
- ১০) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষা অংশগ্রহণের সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ১২) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব পোর্টালেও প্রকাশ করা হবে।
- ১৩) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।
- ১৪) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- ১৫) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৬) যোগাযোগ ইমেইল নং bbs.sylhetsadar@gmail.com


(কাজী মহিয়া মমতাজ)

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
সিলেট সদর, সিলেট।